**সংশোধিত বিজ্ঞপ্তি**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ডামুড্যা, শরীয়তপুর।**
**dss.damudya.shariatpur.gov.bd**

স্মারক নম্বর: ৪১.০১.৮৬২৫.০০০.১৮.০০৬.২৬.৩৪১

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (স্বেচ্ছাসেবী) নিয়োজিতকরণ সময়সীমা পুনঃ নির্ধারন বিজ্ঞপ্তি।**
**সুত্র স্মারক নং- ৪১.০১.০০০০.০০৮.১৮.০১৯.২৬.৬৪৫ তারিখ- ২৫-০৭-২০২৬খ্রি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে শরীয়তপুর জেলাধীন ডামুড্যা পৌরসভা/উপজেলা এলাকায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (স্বেচ্ছাসেবী) নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। **ইতোমধ্যে যারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। নতুন আবেদনকারীদের মৌখিক পরীক্ষা একই প্রক্রিয়ায় আগামী ২৯.০৭.২০২৬ তারিখ সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হবে।**

| ক্রঃ নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য ও দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী (প্রতি গণনা এলাকায় ১ জন) | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮হতে ৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক /তদূর্ধ্ব ডিগীধারীগ পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সনদ সত্যায়িত ফটোকপি।<br>**গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত** রঙিন **ছবি** ০২ কপি<br>ঘ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞাতা (যদি থাকে) - এর প্রমাণকের সত্যায়িত ফটোকপি। |
| ক্রঃ নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনিক বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫ হতে ৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+নম্বার<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সর্ম্পকে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ)সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সনদ সত্যায়িত ফটোকপি।<br>**গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত** রঙিন **ছবি** ০২ কপি<br>ঘ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞাতা (যদি থাকে) - এর প্রমাণকের সত্যায়িত ফটোকপি। |

ক) আবেদন ফরম উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা শরীয়তপুর এর ওয়েবসাইট পাওয়া যাবে লিংক: https://dss.damudya.shariatpur.gov.bd/ এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা,শরীয়তপুর এ নির্ধারিত সময়ের মধ্যে পাওয়া যাবে।

CS CamScanner

**আবেদন ফরম দাখিলের স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা, শরীয়তপুর এ নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করতে হবে।**

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও মৌখিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | মৌখিক পরীক্ষার সম্ভাব্য সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২৬/০৭/২০২৬ খ্রি. হতে ২৮/০৭/২০২৬ খ্রি. দুপুর ১২.০০ টা পর্যন্ত | ২৬/০৭/২০২৬ খ্রি. হতে ২৮/০৭/২০২৬ খ্রি. দুপুর ১২.০০ টা পর্যন্ত | ২৯/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডামুড্যা,শরীয়তপুর। |

শর্তাবলী:

১. তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকলীন নিজ খরচে বাড়িতে গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২. ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রত্যেক তথ্য সংগ্রকারীর প্রতিদিন নূন্যতম ১২ টি তথ্য সংগ্রহ করতে হবে।
৩. দৈনিক নুন্যতম ০৮ ঘন্টা উক্ত কার্যক্রমের জন্য মাঠ পর্যায়ে নিয়োজিত থাকতে হবে।
৪. তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি পরিলক্ষিত হলে নিয়োগ বাতিল করা হবে।
৫. কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬. সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা করা সম্পূর্ণরুপে বাধ্যতামূলক।
৭. শুমারি কার্যক্রমের জন্য সরবারহকৃত সরকারি মালামাল সযত্নে রক্ষণাবেক্ষণ করতে হবে এবং কার্যক্রম শেষে যথাযথ কর্তৃপক্ষের নিকট ফেরত প্রদান করতে হবে।
৮. নিজ অবহেলায় সরবারহকৃত সরকারি মালামালের কোন প্রকার ক্ষতি সাধন হলে ক্ষতিপূরণ প্রযোজ্য হবে।
৯. কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা বাতিল করার ভয় দেখানো শাস্তিযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।
১০. ইচ্ছাকৃত তথ্য জালিয়াতি কিংবা অবৈধ আর্থিক লেনদেনের ক্ষেত্রে নিয়েগ বাতিল পূর্বক আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. নিয়োগকারী কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক কার্যক্রম সংশ্লিষ্ট যেকোন নির্দেশ পালনে বাধ্য থাকতে হবে।
১২.মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) মুল সনদ অবশ্যই সঙ্গে আনতে হবে।

২৫/০৭/২৬

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬- এর তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন উপজেলা কমিটি,
ডামুড্যা,শরীয়তপুর।
usso.damudiya@dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৮৬২৫.০০০.১৮.০০৬.২৬.৩৪১

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২২৩ শরীয়তপুর, শরীয়তপুর- ৩।
২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর।
৪। প্রশাসক, ডামুড্যা পৌরসভা, শরীয়তপুর।
৫। অফিসার ইনচার্জ, ডামুড্যা, শরীয়তপুর।
৬। সদস্য................................., ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ডামুড্যা, শরীয়তপুর

২৫/৭/২৬

উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬- এর তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন উপজেলা কমিটি,
ডামুড্যা, শরীয়তপুর।
usso.damudiya@dss.gov.bd

CamScanner